



জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা সংক্রান্ত প্রসপেটাস



জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা নিম্নোক্ত ৪টি পেপারে বিভক্ত:

- Paper 1- Fundamentals of Energy Management and Energy Audit
- Paper 2- Energy Efficiency in Thermal Systems
- Paper 3- Energy Efficiency in Electrical Systems
- Paper 4- Energy performance assessment for Equipment and Utility Systems

পেপার ভিত্তিক পরীক্ষার সময় এবং নম্বর বন্টন:

Day	Paper No.	Duration	Marks
1	Paper 1	3 hrs	150
2	Paper 2	3 hrs	150
3	Paper 3	3 hrs	150
4	Paper 4	3 hrs	100

- পরীক্ষার বিস্তারিত সময়সূচী প্রবেশপত্রে উল্লেখ থাকবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী:

- পরীক্ষার সিলেবাস ও প্রস্তুতির লক্ষে প্রতিটি পেপারের জন্য একটি করে মডিউল তৈরি করা হয়েছে যা স্রেডার ওয়েবসাইট (www.sreda.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।
- পেপার-১, ২ এবং ৩ এ MCQ, বর্ণনামূলক ও গাণিতিক প্রশ্ন থাকবে।
- পেপার ৪, Open Book Exam হবে এবং পরীক্ষার্থীকে উপরোক্ত মডিউল-৪ পরীক্ষার দিন সাথে করে নিয়ে আসতে হবে। এই পেপারেও MCQ, গাণিতিক ও বর্ণনামূলক প্রশ্ন থাকবে।
- জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার মাধ্যম হবে ইংরেজি।
- প্রতিটি পেপারে উত্তীর্ণের জন্য পরীক্ষার্থীকে ন্যূনতম ৭০% নম্বর অর্জন করতে হবে।
- যদি কোনো পরীক্ষার্থী কোনো একটি বিষয়ে অনুত্তীর্ণ হন, সেক্ষেত্রে উক্ত বিষয়ের জন্য তিনি ৪ (চার) হাজার টাকা ফি প্রদান সাপেক্ষে পরবর্তী নিয়মিত ৩ (তিন) টি পরীক্ষার মধ্যে সর্বোচ্চ ২ (দুই) বার অনুত্তীর্ণ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।



জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ ও নবায়ন:

- জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ ৫ (পাঁচ) বছর এবং প্রতি ৫ (পাঁচ) বছর পর পর তা নবায়নযোগ্য হবে।
- জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের উদ্দেশ্যে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে ১০ (দশ) হাজার টাকা নবায়ন ফি সহ জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০১৮ এ নির্দিষ্ট ফরম অনুসারে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে আবেদনকারীর পূর্ববর্তী কর্মকাণ্ড সন্তোষজনক এবং তিনি পূর্ববর্তী ৪ (চার) বছরে ন্যূনতম ৫(পাঁচ) টি স্থাপনায় জ্বালানি নিরীক্ষা সম্পাদন করেছেন তা হলে তার জ্বালানি নিরীক্ষক সনদ নবায়ন যোগ্য হবে।

‘সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী’